অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/5/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন চাইল্ড কর ক্রেডিট পেমেন্টের প্রাপক নিউ ইয়র্কবাসীদেরকে চেক প্রেরণ শুরু হয়েছে

সম্পূরক পেমেন্ট চেক এই সপ্তাহে মেইলবক্সে পৌঁছানো শুরু করবে

নিম্ন এবং মধ্যম আয়ের পরিবারের জন্য 350 মিলিয়ন মার্কিন ডলার সরাসরি আর্থিক সহায়তা

1 মিলিয়নের বেশি পরিবার এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের মাধ্যমে শিশু প্রতি সর্বোচ্চ 330 মার্কিন ডলার সম্পূরক পেমেন্ট পাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট আনুষ্ঠানিকভাবে এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট (Empire State Child Credit) কর্মসূচির মাধ্যমে স্টেটব্যাপী নিম্ন ও মধ্যম আয়ের পরিবারকে আনুমানিক 350 মিলিয়ন মার্কিন ডলার সম্পূরক পেমেন্ট প্রেরণ শুরু করেছে। প্রথম রাউন্ডের চেকসমূহকে আজকে মেইল করা হয়েছে এবং এটি এই সপ্তাহে প্রাপকদের মেইলবক্সে পৌঁছানো শুরু করবে। আগামী দুই সপ্তাহ ধরে চেক মেইল করা হতে থাকবে, এবং এই মাস শেষ হওয়ার পূর্বে 1 মিলিয়নের বেশি যোগ্য পরিবার শিশু প্রতি সর্বোচ্চ 330 মার্কিন ডলার পাবে, যার জন্য আবেদন করার কোনো প্রয়োজন নেই।

"নিউ ইয়র্কবাসী এখন তাদের সন্তানদের জন্য স্কুলে ফেরত যাওয়ার কেনাকাটা শুরু করেছে, আমরা এই সময় তাদেরকে কিছু অর্থ ফেরত দিচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "প্রত্যেক যোগ্য নিউ ইয়র্কবাসীর কাছে এই সম্পূরক পেমেন্ট পৌঁছানো আমার দল নিশ্চিত করবে, এবং আমাদের স্টেটজুড়ে কর্মজীবী পিতামাতার জন্য জীবনযাত্রার ব্যয় সমাধান করতে আমি প্রতিদিন কাজ চালিয়ে যাবো।"

সকল যোগ্য পরিবার যাতে সময়মতো তাদের সম্পূরক পেমেন্ট পায় তা নিশ্চিত করতে প্রতিদিন 100,000টির বেশি চেকের হারে চেক প্রেরণ করা হচ্ছে। যোগ্য পরিবারসমূহকে এই এককালীন পেমেন্ট পাওয়ার জন্য কোনো কিছু করতে হবে না। নিউ ইয়র্কের যেসব করদাতা তাদের 2023 স্টেট কর রিটার্নে কমপক্ষে 100 মার্কিন ডলার এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট পেয়েছে তাদেরকে এটি প্রদান করা হচ্ছে।

পেমেন্টের ব্যাপ্তি হলো করদাতার 2023 করবর্ষের জন্য প্রাপ্ত এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের পরিমাণের 25 শতাংশ থেকে 100 শতাংশ। সর্বোচ্চ পেমেন্ট অপেক্ষাকৃত কম উপার্জনের পরিবারের জন্য শিশু প্রতি সর্বোচ্চ 330 মার্কিন ডলার। সম্পূরক পেমেন্ট সম্পর্কে আরো তথ্য এখানে উপলভ্য আছে।

এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের বর্তমান প্রাপকদের জন্য আনুমানিক 350 মিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত আর্থিক সহায়তা পৃথক করে রাখতে এই বছরের শুরুতে গভর্নর হোকল এবং বিধানিক নেতৃবৃন্দের মধ্যে সম্মত হওয়া একটি চুক্তি অনুযায়ী এই সম্পূরক পেমেন্ট করা হচ্ছে।

আরো কর্মজীবী পরিবারের জন্য চাইল্ড কর ক্রেডিট সম্প্রসারণ করা

এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট হলো আয় অনুযায়ী যোগ্য সন্তানসহ নিউ ইয়র্কবাসীর জন্য একটি রিফান্ডযোগ্য কর ক্রেডিট। চার বছরের কম বয়সী শিশুদের অন্তর্ভুক্ত করার জন্য 2023 সালে গভর্নর হোকল এবং স্টেটের আইনসভা (State Legislature) এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটকে সম্প্রসারণ করেন, যার ফলে প্রতিবছর আনুমানিক 600,000 অতিরিক্ত শিশু লাভবান হয়। এর পূর্বে এই বছরে এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের জন্য যোগ্য 1 মিলিয়নের বেশি পরিবার তাদের 2023 সালের কর ফাইলিংয়ের উপর ভিত্তি করে কয়েকশত মিলিয়ন মার্কিন ডলার কর ক্রেডিট পাওয়া শুরু করে। ক্রেডিট সম্পর্কে আরো তথ্য এখানে উপলভ্য আছে।

কর্মজীবী নিউ ইয়র্কবাসীকে আর্থিক ত্রাণ প্রদান করা

গভর্নর হোকল এবং স্টেটের আইনসভা গত দুই বছরে নিম্ন এবং মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য অভূতপূর্ব মাত্রার আর্থিক সমর্থন প্রদান করেছেন। 2022 সাল থেকে কয়েক মিলিয়ন নিউ ইয়র্ক করদাতাদেরকে সম্পূরক পেমেন্ট এবং সঞ্চয় কর্মসূচির মাধ্যমে 2.6 বিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হয়েছে।

এর মধ্যে রয়েছে 2022 এর বাড়ির মালিকের কর রিবেট ক্রেডিট (homeowner tax rebate credit), 2022 এর সম্পূরক উপার্জিত আয় কর ক্রেডিট (Earned Income Tax Credit) এবং এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট পেমেন্ট, 2022 এর গ্যাস কর স্থগিতকরণ, 2023 এর এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট সম্প্রসারণ এবং গত সপ্তাহে ঘোষিত এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট সম্পূরক পেমেন্টের সর্বশেষ রাউন্ড।

আরো বেশি কর্মজীবী পরিবারকে চাইল্ড কেয়ারের মূল্য পরিশোধে সাহায্য করা

গভর্নর হোকল সম্প্রতি ny.gov/childcare শুরু করেছেন, এটি বিনামূল্যে বা স্বল্প খরচের চাইল্ড কেয়ারকে নিউ ইয়র্ক স্টেটের চাইল্ড কেয়ার সহায়তা কর্মসূচির (Child Care Assistance Program, CCAP) মাধ্যমে স্টেটব্যাপী যোগ্য পরিবারের জন্য আরো অ্যাক্সেসিবল করতে সাহায্য করার জন্য একটি ডিজিটাল পোর্টাল। নতুন উদ্যোগটি হলো CCAP এর জন্য অর্থবছর 2025 এর প্রণীত বাজেটে গভর্নর হোকলের নিশ্চিত করা ঐতিহাসিক 1.8 বিলিয়ন স্টেট ও ফেডারেল বিনিয়োগের অনুবর্তী। অধিকাংশ যোগ্য পরিবারের জন্য CCAP বাজার দরের চাইল্ড কেয়ার ব্যয়ের 90 শতাংশের বেশি প্রদান করে, এবং চার সদস্যের অধিকাংশ পরিবার সপ্তাহে চাইল্ড কেয়ারের জন্য 15 মার্কিন ডলারের বেশি ব্যয় করছে না।

গভর্নর এর পূর্বে চাইল্ড কেয়ার ব্যবস্থাকে ঢেলে সাজাতে এবং ঐতিহাসিক, অনন্য বিনিয়োগ করতে আইনসভার সাথে কাজ করেছেন, যার মধ্যে রয়েছে চাইল্ড কেয়ার সহায়তা কর্মসূচি উন্নত করতে একটি চার বছরের 7 বিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি; নিউ ইয়র্কের অর্ধেকের বেশি কমবয়সী শিশুর জন্য চাইল্ড কেয়ার সহায়তার জন্য আয়ের যোগ্যতা সম্প্রসারিত করা; পরিবারসমূহ বাছাই করতে পারবে এমন কর্মসূচির সংখ্যা সম্প্রসারিত করতে সেবাদানকারীদের জন্য স্টেটের ব্যয়পূরণের হার বৃদ্ধি; একটা চাইল্ড কেয়ার ক্যাপিটাল কর্মসূচি প্রতিষ্ঠা করতে 50 মিলিয়ন মার্কিন ডলার; বন্ধ হয়ে যাওয়ার ঝুঁকিতে থাকা

কর্মসূচিকে স্থিতিশীল করতে এবং চাইল্ড কেয়ার কর্মীবাহিনীকে সমর্থন করতে 343 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ; এবং সকল নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) ও নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (City University of New York, CUNY) ক্যাম্পাসে চাইল্ড কেয়ার সম্প্রসারিত করতে 15.6 মিলিয়ন মার্কিন ডলার।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন